গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালক ও অধ্যাপকের কার্যালয়
জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
E-mail: nimhr@hospi.dghs.gov.bd

স্মারকনংএনআইএমএইচ/ ভর্তি বিজ্ঞপ্তি/২০২৫-২০২৬/ ১৬২৮ তারিখঃ ০৭/০৫/২৫

## এক বছর মেয়াদি "Diploma in Psychiatric Nursing" কোর্সে ভর্তির বিজ্ঞপ্তি

২০২৫ - ২০২৬ শিক্ষাবর্ষে জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকায় ২০ (বিশ) টি আসনে এক বছর মেয়াদি "Diploma in Psychiatric Nursing" কোর্সে শিক্ষার্থী ভর্তির জন্য নিম্নলিখিত শর্তে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

**১। শর্তাবলীঃ**

- আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে।
- বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারী কাউন্সিল কর্তৃক স্বীকৃত ডিপ্লোমা ইন নার্সিং সাইন্স এন্ড মিডওয়াইফারী / ডিপ্লোমা ইন মিডওয়াইফারী/ বিএসসি ইন নার্সিং পাশ। বয়স : অনূর্ধ্ব ৪৫ বছর।
- সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- প্রার্থীদের ন্যূনতম নার্সিং ও মিডওয়াইফারী পেশায় দুই বছরের কর্ম অভিজ্ঞতা থাকতে হবে।
- ভর্তি পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ ভাতা ও ভর্তিকৃত শিক্ষার্থীগণ প্রশিক্ষণ ভাতা পাবেন না।
- ভর্তিকৃত শিক্ষার্থীগণ নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করবেন।
- নির্ধারিত ছক অনুযায়ী প্রার্থীকে আবেদন করতে হবে।

**২। আবেদনের সাথে সংযুক্ত কাগজ পত্রাদিঃ**

সদ্য তোলা দুই কপি (পাসপোর্ট সাইজ) ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, বিএনএমসি কর্তৃক হালনাগাদ নিবন্ধন সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এর সত্যায়িত ফটোকপিসমূহ এবং আবেদনকারী কর্তৃক ১০০০/- (এক হাজার) টাকা (অফেরতযোগ্য), পরিচালক, জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এর হিসাব নং ০২০০০২৩৭০৭৪২২, রাউটিং নাম্বার -০১০২৬৪৩০২, অগ্রণী ব্যাংক লিমিটেড, শ্যামলী শাখা, ঢাকায় নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে জমা দিতে হবে। **(উল্লেখ্য টাকা জমার মূল রশিদ আবেদন পত্রের সাথে অবশ্যই জমা দিতে হবে)**। আবেদনপত্র ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি অত্র প্রতিষ্ঠানের নিম্নস্বাক্ষরকারীর অফিসে সরাসরি/ রেজিষ্ট্রার ডাকযোগ/কুরিয়ারের মাধ্যমে নির্ধারিত তারিখের জমা দিতে হবে।

**৩। আবেদন ও ভর্তি পরীক্ষার সূচিঃ**

| | |
|---|---|
| আবেদন শুরুর তারিখ | ০৫/০৫/২০২৫ খ্রিঃ, সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত |
| আবেদনের শেষ তারিখ | ০৩/০৬/২০২৫ খ্রিঃ, সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ০২:০০ ঘটিকা পর্যন্ত |
| যোগ্য প্রার্থীদের নামের তালিকা প্রকাশ | ১৫/০৬/২০২৫ খ্রিঃ, যোগ্য প্রার্থীদের নামের তালিকা www.nimh.gov.bd লিংকে পাওয়া যাবে |
| ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও স্থান<br>নার্সিং বিষয়ক লিখিত (MCQ)-৮০, মৌখিক-২০। | ২৮/০৬/২০২৫ খ্রিঃ, সকাল ১০:০০ ঘটিকা হতে ১১:০০ ঘটিকা পর্যন্ত<br>জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলা নগর, ঢাকা। |

**বিশেষ দ্রষ্টব্যঃ** নমুনা আবেদনটি www.nimh.gov.bd লিংকে পাওয়া যাবে। শুধুমাত্র যোগ্য প্রার্থীগণ ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবেন। যোগ্য প্রার্থীগণের তালিকা জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতালের ওয়েব সাইটে পাওয়া যাবে। আবেদন প্রাপ্তির স্বীকারপত্র যোগ্য প্রার্থীগণের ভর্তি পরীক্ষার প্রবেশ পত্র হিসেবে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এ ভর্তি বিজ্ঞপ্তি আংশিক / সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ ভর্তির ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
**সকল প্রকার প্রয়োজনীয় তথ্য ও যোগাযোগের জন্য ঃ মোঃ কামাল হোসেন, নার্সিং ইনস্ট্রাক্টর, এনআইএমএইচ, ঢাকা। ফোনঃ ০১৯৯৩৮৯৯৯৮১।**

03-5-2025
(অধ্যাপক ডা. মো: মাহবুবুর রহমান )
পরিচালক(ভারপ্রাপ্ত) ও অধ্যাপক(চলতি দায়িত্ব), সাইকিয়াট্রি
জাতীয় মানসিক স্বাস্থ্য ইনস্টিটিউট ও হাসপাতাল